# তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

(জুলাই-ডিসেম্বর ২০২৩)



সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

# সূচিপত্র


| অনুচ্ছেদ | আলোচ্য বিষয়সমূহ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | নির্বাহী সার-সংক্ষেপ | ১ |
| ২ | CSR-এর খাতভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার | ২ |
| ৩ | তফসিলি ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম | ৩-৮ |
| ৩.১ | ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা | ৪ |
| ৩.২ | ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় | ৬ |
| ৩.৩ | ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা | ৬ |
| ৩.৪ | বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা | ৭ |
| ৩.৫ | ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ | ৭ |
| ৪ | তফসিলি ব্যাংকসমূহের ২০২৩ ভিত্তিক CSR কার্যক্রম | ৯-১২ |
| ৪.১ | ব্যাংকসমূহের ২০২৩ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা | ১০ |
| ৪.২ | ২০১৩ সাল থেকে লাইসেন্স প্রাপ্ত ১৩টি ব্যাংকের ক্ষেত্রে বিআরপিডি প্রদত্ত CSR ব্যয় সংক্রান্ত শর্তের পরিপালন | ১১ |
| ৫ | ফাইন্যান্স কোম্পানিসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম | ১২-১৫ |
| ৫.১ | ফাইন্যান্স কোম্পানিসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা | ১৪ |
| ৫.২ | ষান্মাসিক ভিত্তিতে ফাইন্যান্স কোম্পানিসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র | ১৪ |
| ৬ | ফাইন্যান্স কোম্পানিসমূহের ২০২৩ ভিত্তিক CSR কার্যক্রম | ১৫-১৮ |
| ৬.১ | ফাইন্যান্স কোম্পানিসমূহের ২০২৩ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা | ১৭ |
| ৭ | উপসংহার | ১৮ |

## ১. নির্বাহী সার-সংক্ষেপ:

জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals - SDGs) অর্জনের একটি অপরিহার্য উপাদান হলো কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility - CSR)। CSR হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অন্তর্ভুক্ত করে। এটি এমন একটি অঙ্গীকার যেখানে ব্যবসা প্রতিষ্ঠান তার অংশীদারদের কাছে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগতভাবে দায়বদ্ধ থাকে। অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকান্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে বিধায় CSR সারাবিশ্বে '*Triple Bottom Line Framework*' বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত। অন্যভাবে বলা যায়, তিনটি ধারণাকে প্রাধান্য দিয়ে CSR এর উৎপত্তি: মানুষ, পৃথিবী ও মুনাফা (People, Planet & Profit)।




ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং একইসাথে সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। কাজেই CSR এর মৌলিক দর্শন হচ্ছে দেশের হতদরিদ্র, সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, আয়-উৎসারী কর্মকাণ্ড, অবকাঠামো উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা এবং ক্রীড়া ও সংস্কৃতিমূলক কর্মকাণ্ডের উন্নয়নে অবদান রেখে সামাজিক দায়বদ্ধতা পূরণ করা। একটি সামাজিকভাবে দায়বদ্ধ প্রতিষ্ঠান শুধুমাত্র তার অংশীদারদের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যই কাজ করে না, সে তার কর্মচারী, সরবরাহকারী, বিক্রেতা, স্থানীয় জনগণ এবং সর্বোপরি দেশ ও জাতির টেকসই উন্নয়নেও কাজ করে।

বর্তমান বিশ্বে অধিকাংশ বড় ব্যবসা প্রতিষ্ঠানই CSR বা সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করছে এবং তাদের শেয়ারহোল্ডাদের লভ্যাংশের কিছু অংশ এ খাতে বরাদ্দ/বিতরণ করছে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের নিবিড় পরিবীক্ষণ ও তদারকির আওতায় রয়েছে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট CSR নীতিমালা রয়েছে যার পরিপালন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CAMELS rating ও Sustainability rating এ প্রভাব ফেলে। ব্যাংকিং পরিমন্ডলে CSR কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অদ্যাবধি বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা নিম্নে তুলে ধরা হলো :

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে সর্বপ্রথম (DOS সার্কুলার নং-১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহে CSR মূলধারাকে অন্তর্ভুক্ত করে CSR কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা দেয়া হয়।

- পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে CSR সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়।
- ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।
- পরবর্তীতে দেশের পরিবেশগত, সামাজিক, ন্যায়সংগত এবং টেকসই উন্নয়নের জন্য CSR কার্যক্রমকে সময়োপযোগী, অধিকতর সহজ ও গুরুত্বপূর্ণ এবং সুসংগঠিত করার নিমিত্ত ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR সংক্রান্ত সর্বশেষ নীতিমালা জারি করা হয়েছে। আলোচ্য নীতিমালায় CSR-এর পরিধি, টেকসই CSR কার্যক্রম, CSR-এর আওতায় অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও সামাজিক দায়বদ্ধ অর্থায়ন (SRF) এবং নারীর ক্ষমতায়নের মত সময়োপযোগী বিষয়সমূহের উপর আলোকপাত করা হয়েছে।
- ২৩ মার্চ ২০২৩ তারিখের SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে ২০২৩ সালে 'ক্যাশলেস বাংলাদেশ ২০২৩-২৭' উদ্যোগের অংশ হিসেবে Bangla QR এর মাধ্যমে জনসাধারণকে ইলেকট্রনিক পরিশোধ সেবার আওতায় আনার লক্ষ্যে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের Merchant Discount Rate (MDR) ও Interbank Reimbursement Fee (IRF) সংক্রান্ত চার্জ, ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় ক্যাম্পেইন সংক্রান্ত যাবতীয় প্রচারণা, ইলেকট্রনিক পরিশোধ ব্যবস্থার মাধ্যমে পরিচালিত কুরবাণীর হাটের যাবতীয় পেমেন্ট ও অবকাঠামো সংশ্লিষ্ট ব্যয়সমূহ CSR খাতে প্রদর্শনের নির্দেশনা প্রদান করা হয়।
- সর্বশেষ ২৩ নভেম্বর ২০২৩ তারিখের SFD সার্কুলার নং-৫ এর মাধ্যমে পূর্ববর্তী Reporting Format সংশোধনপূর্বক তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR কার্যক্রম সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিল এবং CSR এর আওতায় জলবায়ু ঝুঁকি তহবিল (Climate Risk Fund) গঠন, এর ব্যবহার ও ব্যবস্থাপনা বিষয়ে নির্দেশনা জারি করা হয়।

## ২. CSR এর খাতভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে CSR ব্যয় করতে পারবে। এক্ষেত্রে CSR ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক উন্নয়ন, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে SFD সার্কুলার নং-১, তারিখ ৯ জানুয়ারি ২০২২ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট CSR বাজেট হতে শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ৩০%, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% এবং অন্যান্য খাতে (আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য) ২০% ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, SFD সার্কুলার নং-০৬, তারিখ: ২৯ নভেম্বর ২০২২ এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের আকার বৃদ্ধির লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছর CSR খাতে বরাদ্দকৃত অর্থের ৫% হারে বর্ণিত তহবিলে অনুদান প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। SFD সার্কুলার নং-৫; তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের বার্ষিক CSR বাজেটে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে বরাদ্দকৃত বিদ্যমান হার ২০% এর অর্ধেক (মোট বাজেটের ১০%) জলবায়ু ঝুঁকি তহবিলে সংরক্ষণপূর্বক ব্যয় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।

## ৩. তফসিলি ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক দাখিলকৃত জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং লেখচিত্র-১ এ তুলে ধরা হলো:

**ছক-১: ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয়**

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৪ | ৫.৫ | ৫ | ৬ |
| ১ | সোনালী ব্যাংক | ০.৪৩৩২ | ০.১৬০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৭০০০ | ০.০৪২০ | ০.০০০০ | ০.০৪৩৩ | ০.৭৮৫৩ | **১.৩৭৮৫** |
| ২ | জনতা ব্যাংক | ০.০১০০ | ০.০৫৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬৩০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬৩০ | **০.১২৮০** |
| ৩ | অগ্রণী ব্যাংক | ০.০৬৯৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩৪৯ | ০.০১০০ | ০.০৮৪০ | ০.১২৮৯ | **০.১৯৮৩** |
| ৪ | রূপালী ব্যাংক | ০.০৬০০ | ০.০৭৩০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১০৪০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১০৪০ | **০.২৩৭০** |
| ৫ | বেসিক ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক | ০.০৩৫০ | ০.০৮৪৫ | ০.০১১০ | ০.০০১০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪৭৫ | ০.০৪৮৫ | **০.১৭৯০** |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০১৭৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৫০০ | **০.০৬৭৫** |
| ১০ | এবি ব্যাংক | ০.৩০০০ | ০.১১০০ | ২.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **২.৪১০০** |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক | ২.১৬০০ | ৪.৫৬০০ | ০.১০১০ | ০.০০০০ | ১.৮১০০ | ০.২০০০ | ০.০৪৩০ | ০.০০০০ | ২.০৫৩০ | **৮.৮৭৪০** |
| ১২ | ব্যাংক এশিয়া | ০.২৭৫০ | ১.১৪১০ | ০.০০০০ | ০.০০০০ | ২.৪০০০ | ০.০৪০০ | ১.০০০০ | ০.০০০০ | ৩.৪৪০০ | **৪.৮৫৬০** |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ১৫ | ব্র্যাক ব্যাংক | ২.০৪১২ | ০.১১০০ | ০.০০০০ | ০.০০০০ | ২.৪৩৭৫ | ০.০০০০ | ০.০৫০০ | ০.০৫৭৬ | ২.৫৪৫১ | **৪.৬৯৬৩** |
| ১৬ | সিটিজেন্স ব্যাংক | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০১০০** |
| ১৭ | কমিউনিটি ব্যাংক | ১.৯২৮১ | ১.৯২৮১ | ১.২৮৫৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.২৬৫৪ | ০.০২০০ | ১.২৮৫৪ | **৬.৪২৭০** |
| ১৮ | ঢাকা ব্যাংক | ১.৩৬৩০ | ০.২৪০০ | ০.০০২০ | ০.০০০০ | ৪.৯২৩৫ | ০.০০০০ | ০.৯০০০ | ০.০২১১ | ৫.৮৪৪৬ | **৭.৪৪৯৬** |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক | ১৬.৪৪৮৯ | ৫.৬৭৮০ | ০.০০০০ | ০.০০০০ | ১০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২৯৪৯ | ১০.২৯৪৯ | **৩২.৪২১৮** |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক | ০.২৮৫০ | ১.৮৪৪০ | ০.৪৪৩০ | ০.০০০০ | ০.৮৯০০ | ০.০০০০ | ০.০০০০ | ৩.৫০০০ | ৪.৩৯০০ | **৬.৯৬২০** |
| ২১ | এক্সিম ব্যাংক | ২.৮৪০০ | ৪.০৫০০ | ০.০০৪৩ | ০.০২০০ | ৫.০০০০ | ০.০০০০ | ২.০০০০ | ১.০৪০০ | ৮.০৬০০ | **১৪.৯৫৪৩** |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক | ০.৫৬০০ | ০.২১০০ | ০.০৮০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৮০০ | ০.০৮০০ | **০.৯৩০০** |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক | ০.০০৭০ | ০.০১৬০ | ০.০০০৬ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০১৫ | ০.০১০৪ | ০.০১১৯ | **০.০৩৫৫** |
| ২৪ | আইএফআইসি ব্যাংক | ২.৩৪২৫ | ০.২৯০০ | ০.৫০০০ | ০.০০০০ | ৬.৪০০০ | ০.০৪০০ | ০.০০০০ | ০.১২৬৯ | ৬.৫৬৬৯ | **৯.৬৯৯৪** |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ১.২৭২০ | ০.২৫৫০ | ০.০৩০০ | ০.০০০০ | ৪৯.৩৮০০ | ০.০০০০ | ২.০০০০ | ০.১৩৬০ | ৫১.৫১৬০ | **৫৩.০৭৩০** |
| ২৬ | যমুনা ব্যাংক | ৭.২৭৭০ | ১১.৩১৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৯১০ | ০.০০৬০ | ০.০৯৭০ | **১৮.৬৯২০** |
| ২৭ | মেঘনা ব্যাংক | ০.১০৩০ | ০.০৩৬০ | ০.৪৬০০ | ০.০০০০ | ০.৯৫৮০ | ০.০০০০ | ০.২০১০ | ০.০০০০ | ১.১৫৯০ | **১.৭৫৮০** |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক | ১.৬৫০০ | ১২.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৫.৮৮০০ | ০.০০০০ | ১.০২০০ | ০.১৮০০ | ৭.০৮০০ | **২০.৭৩০০** |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক | ০.০৩০০ | ০.০৪০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৬৬৯৭ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৫০০ | ০.৭১৯৭ | **০.৭৮৯৭** |
| ৩০ | মধুমতি ব্যাংক | ০.৫৮০০ | ০.৫১০০ | ০.০২০০ | ০.০০০০ | ০.১২০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২০০০ | ০.৩২০০ | **১.৪৩০০** |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক | ০.৬৬০০ | ০.৪২০০ | ০.৪৪০০ | ০.০০০০ | ০.০৪০০ | ০.০০০০ | ১.০৭০০ | ০.১৯০০ | ১.৩০০০ | **২.৮২০০** |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৩.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৩.০৫০০ | **৩.০৫০০** |
| ৩৩ | এনসিসি ব্যাংক | ০.২০৭০ | ০.০১৫০ | ০.০০০০ | ০.০০০০ | ৫.২৬০৯ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৫.২৬১০ | **৫.৪৮৩০** |
| ৩৪ | এনআরবি ব্যাংক | ০.০০০০ | ০.০৬০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.১১০০** |
| ৩৫ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক | ০.৩০৪ | ০.৫৯৩৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.৬৬৭৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৮৬১৮ | ০.৭৫৩৭ | **১.৬৫১২** |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ০.৭৫৫৩ | ০.০১৮০ | ০.০০২৫ | ০.০০০০ | ১.৩৬০০ | ০.০০০০ | ০.০১৪০ | ০.০১৯৫ | ১.৩৯৩৫ | **২.১৬৯৩** |
| ৩৭ | ওয়ান ব্যাংক | ০.০০০০ | ০.০১২০ | ০.০০০০ | ০.০০০০ | ৩.৯০১২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩৮৩ | ৩.৯৩৯৫ | **৩.৯৫১৫** |
| ৩৮ | পদ্মা ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৩৯ | প্রাইম ব্যাংক | ২.৮৯০০ | ২.৭৪০০ | ০.১৬০০ | ০.০০০০ | ৩.২৯০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৩.২৯০০ | **৯.০৮০০** |
| ৪০ | পূবালী ব্যাংক | ০.৫৬০০ | ১.৪৬০০ | ০.০২৫৩ | ০.০০০০ | ২.২৪০০ | ০.০০০০ | ০.১৬০০ | ১.৩৪৪৭ | ৩.৭৪৪৭ | **৫.৭৯০০** |
| ৪১ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক | ০.০০০০ | ০.০৪০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৪৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৪৫০০ | **০.৪৯০০** |
| ৪২ | শাহজালাল ইসলামী ব্যাংক | ৪.২৪৬০ | ০.৮৩৬০ | ০.৪৬৩০ | ০.০০০০ | ৭.২৬০০ | ০.০০০০ | ২.০৪১০ | ০.০২১০ | ৯.৩২২০ | **১৪.৮৬৭০** |
| ৪৩ | সীমান্ত ব্যাংক | ০.১৮০০ | ০.১৬০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৪৮০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৪৮০০ | **০.৮২০০** |
| ৪৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক | ৩.৭০২৯ | ২.০৩২৭ | ৪.৫০০০ | ০.০০০০ | ৭.৩৬২৬ | ০.০০০০ | ১.০০০০ | ৩.১৪৬৪ | ১১.৫০৯০ | **২১.৭৪৪৬** |
| ৪৫ | সাউথইস্ট ব্যাংক | ১৪.০৩০০ | ১৩.৯৪০০ | ২.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.১২০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.১৮০০ | **৩০.১৫০০** |

**ছক-১: ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয়**

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৪ | ৫.৫ | ৫ | ৬ |
| ৪৬ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ০.০২০০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ২.৪২০০ | ০.০০০০ | ১.০১০০ | ০.০০০০ | ৩.৪৩০০ | **৩.৪৬০০** |
| ৪৭ | দি সিটি ব্যাংক | ০.৯০২৩ | ১.২১৩৩ | ০.৪৮৬৮ | ০.০৩৫০ | ২.৫৫১০ | ০.০০০০ | ০.০৩৮০ | ০.২০৭৯ | ২.৮৩১৯ | **৫.৪৩৪৩** |
| ৪৮ | দি প্রিমিয়ার ব্যাংক | ০.০৩৫০ | ০.০৬৭৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.১০২৫** |
| ৪৯ | ট্রাস্ট ব্যাংক | ০.২০০০ | ০.১৭০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.২৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.২৫০০ | **১.৬২০০** |
| ৫০ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক | ০.০১০০ | ০.২০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৭.১২০০ | ০.০০০০ | ০.৭৯০০ | ০.১৮০০ | ৮.০৯০০ | **৮.৩০০০** |
| ৫১ | ইউনিয়ন ব্যাংক | ১.৪০৫০ | ০.০৩৪০ | ০.০০০০ | ০.০০০০ | ২৩.২৩৩৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৩১০ | ২৩.৩৬৪৪ | **২৪.৮০৩৪** |
| ৫২ | উত্তরা ব্যাংক | ০.০০০০ | ০.০৬০০ | ০.০০০০ | ০.০০০০ | ২.২২৭৫ | ০.০৪০০ | ০.০০০০ | ০.০০২০ | ২.২৬৯৫ | **২.৩২৯৫** |
| ৫৩ | ব্যাংক আলফালাহ্ | ০.০০৮০ | ০.০০০০ | ০.০৫৫৩ | ০.০০০০ | ০.০৩৫৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩৫৫ | **০.০৯৮৮** |
| ৫৪ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.১০০০ | ০.৫৩০০ | ০.১০০০ | ০.০০০০ | ০.০৯০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.১০০০ | **০.৮৩০০** |
| ৫৫ | সিটিব্যাংক এনএ | ০.০৬০০ | ০.০৬০০ | ০.০৪০০ | ০.০১০০ | ০.৪৫৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.৪৭৫০ | **০.৬৩৫০** |
| ৫৬ | হাবিব ব্যাংক | ০.০৩০০ | ০.০৩০০ | ০.০২০৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৪৫ | ০.০১৪৫ | **০.০৯৪৯** |
| ৫৭ | এইচএসবিসি | ০.০০০০ | ০.০০০০ | ০.৪৮১০ | ০.০০০০ | ০.০৫৮৮ | ০.০০০০ | ০.১৫০০ | ০.০০০০ | ০.২০৮৮ | **০.৬৮৯৮** |
| ৫৮ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৫৯ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০২৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩০০ | **০.০৫৫০** |
| ৬০ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ০.৪৭৫২ | ২.৮৭৪৮ | ০.৫৫৩৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১০৯৩ | ০.১০৯৩ | **৪.০১২৬** |
| ৬১ | উরি ব্যাংক | ০.০১০৫ | ০.০১৯০ | ০.০০৭০ | ০.০০০০ | ০.০০৭৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৩০ | ০.০১০৫ | **০.০৪৭০** |
| | সর্বমোট | **৭২.৯১৪০** | **৭২.৩০৪৩** | **১৪.৩২২০** | **০.০৬৬০** | **১৬৬.৪৬৯৭** | **০.৬৮৩৯** | **১৪.৯০৪৯** | **১১.৪১১৪** | **১৯৩.৫৩৫৯** | **৩৫৩.০৭৬২** |
| | শতকরা হার (%) | **২০.৬৫%** | **২০.৪৮%** | **৪.০৬%** | **০.০২%** | **৪৭.১৫%** | **০.১৯%** | **৪.২২%** | **৩.২৩%** | **৫৪.৮১%** | **১০০.০০%** |




**লেখচিত্র-১: জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়**

### ৩.১ ছক-১ ও লেখচিত্র-১ এ প্রদর্শিত তথ্য এবং জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা

- জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় প্রায় টাঃ৩৫৩.০৮ কোটি (তিনশত তেপ্পান্ন কোটি আট লক্ষ টাকা) মাত্র; তন্মধ্যে -
  - শিক্ষাখাতে ব্যয় টাঃ৭২.৯১ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২০.৬৫%।

- ❖ স্বাস্থ্যখাতে ব্যয় টাঃ৭২.৩০ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২০.৪৮%।
- ❖ পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় টাঃ১৪.৩২ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৪.০৬%।
- ❖ এবং অন্যান্য খাতসমূহে ব্যয় টাঃ১৯৩.৫৪ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৫৪.৮১%।

➢ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে অন্যান্য খাতে এবং সর্বনিম্ন ব্যয় করা হয়েছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে।

➢ এ ষান্মাসিকে অন্যান্য খাতের আওতায় আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য উপখাতে CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।

- ❖ দুর্যোগ ব্যবস্থাপনা উপখাতে মোট টাঃ১৬৬.৪৭ কোটি CSR ব্যয় করা হয়েছে; তন্মধ্যে দেশের শীতপ্রধান অঞ্চলের শীতার্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণার্থে টাঃ৬৯.০৮ কোটি 'প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল' এ অনুদান হিসেবে প্রদান করা হয়েছে, যা মোট CSR ব্যয়ের ১৯.৫৭%। তাছাড়া, বন্যা পরবর্তী দুর্গত পরিবারের মাঝে ত্রাণ ও খাদ্য সামগ্রী বিতরণসহ বিভিন্ন খাতে অনুদান প্রদান করা হয়েছে।

- ❖ ক্রীড়া ও সংস্কৃতি উপখাতে মোট CSR ব্যয় করা হয়েছে টাঃ১৪.৯০ কোটি; তন্মধ্যে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণার্থে জাতির জনক বিএসএমআর মেমোরিয়াল ট্রাস্ট, অনূর্ধ্ব-১৬ টুর্নামেন্ট আয়োজনার্থে শেখ রাসেল জাতীয় শিশু কিশোর পরিষদ, শেখ কামাল ২য় বাংলাদেশ ইউথ গেমস্ উদযাপনার্থে বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন এবং 'বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যারাথন - ২০২৪ টুর্নামেন্ট' উপযাপনার্থে বাংলাদেশ সেনাবাহিনীর অনুকূলে অনুদান প্রদান করা হয়েছে। তাছাড়া, নারী ফুটবলের উন্নয়নের নিমিত্ত বাংলাদেশ ফুটবল ফেডারেশনের অনুকূলে অনুদান প্রদানসহ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকীতে জাতীয় শোক দিবস উদযাপনের জন্য দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মাঝে খাদ্যসামগ্রী বিতরণের নিমিত্ত অনুদান সহায়তা প্রদান করা হয়েছে।

➢ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক ২য় সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে শিক্ষা খাতে। শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন ব্যাংক কর্তৃক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলেও অনুদান প্রদান করা হয়েছে। আরও উল্লেখ্য, শারীরিক/মানসিক/দৃষ্টি প্রতিবন্ধীদের শিক্ষার উন্নয়নে 'সোয়াক' এবং বাংলাদেশ সেনাবাহিনীর উদ্যোগে পরিচালিত 'প্রয়াস' নামীয় প্রতিষ্ঠানের অনুকূলেও অনুদান প্রদান করা হয়েছে।

➢ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক ৩য় সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে। স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, ক্লিনিক্যাল সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং বিভিন্ন দুরারোগ্য/জটিল ব্যাধিতে আক্রান্ত মানুষের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান প্রদান করা হয়েছে। তাছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচালন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান প্রদান করা হয়েছে। আরও উল্লেখ্য, বেগম ফজিলাতুন্নেছা মেডিকেল কলেজ হাসপাতালের নির্মাণ সংক্রান্ত কাজেও অনুদান সহায়তা প্রদান করা হয়েছে।

➢ এ ষান্মাসিকে ব্যাংকসমূহের সর্বনিম্ন CSR ব্যয়ের খাত হলো পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন। পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতের আওতায় বৃক্ষরোপণ পরিচালনাসহ জলবায়ু শরণার্থী ও ভূমিহীন মানুষের সাহায্যার্থে 'প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প-২' সংক্রান্ত তহবিলে অনুদান প্রদান করা হয়েছে। তাছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অজিযোজন সংক্রান্ত গবেষণা, টেকসই জৈব বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প স্থাপন এবং উপকূল ও চরাঞ্চলে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনার্থেও অনুদান প্রদান করা হয়েছে।

## ৩.২ ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয়

জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে ব্যাংক এর ধরণ অনুযায়ী CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উল্লেখ করা হলো:

| ছক-২: ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় (কোটি টাকায়) | | |
|---|---|---|
| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি) | ২.১২ | ০.৬০ |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি) | ০.০৭ | ০.০২ |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪৩টি) | ৩৪৪.৪২ | ৯৭.৫৫ |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি) | ৬.৪৬ | ১.৮৩ |
| সর্বমোট (৬১টি) | ৩৫৩.০৮ | ১০০.০০ |

ছক-২ পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

- আলোচ্য ষান্মাসিকে দেশের ৬টি রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৫টি ব্যাংক টাঃ২.১২ কোটি (দুই কোটি বারো লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ০.০৬%।
- বিশেষায়িত ব্যাংকসমূহের CSR ব্যয় নগণ্য।
- ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৪০টি ব্যাংক এ ষান্মাসিকে টাঃ৩৪৪.৪২ কোটি (তিনশত চুয়াল্লিশ কোটি বিয়াল্লিশ লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৯৭.৫৫%।
- ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৮টি ব্যাংক টাঃ৬.৪৬ কোটি (ছয় কোটি ছেচল্লিশ লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ১.৮৩%।

## ৩.৩ ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংকের CSR কার্যক্রম ছক-৩ এ তুলে ধরা হলো:

**ছক-৩: ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | ইসলামী ব্যাংকসমূহের নাম | জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ৫৩.০৭৩ | ০.০০ | ৫৩.০৭ |
| ২ | আইসিবি ইসলামিক ব্যাংক | ০.০৩৫৫ | ০.০০ | ০.০৩৫৫ |
| ৩ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক | ৮.৮৭ | ০.০২৮৯ | ৮.৮৪ |
| ৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক | ২১.৭৪৪৭ | ০.০০ | ২১.৭৪৪৭ |
| ৫ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ৩.৪৬ | ১.০২ | ২.৪৪ |
| ৬ | এক্সিম ব্যাংক | ১৪.৯৫৪৩ | ৯.৯৫ | ৫.০০ |
| ৭ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক | ০.৯৩ | ০.৯৩ | ০.০০ |
| ৮ | শাহ্জালাল ইসলামী ব্যাংক | ১৪.৮৬৭ | ০.০১ | ১৪.৮৫৭ |
| ৯ | ইউনিয়ন ব্যাংক | ২৪.৮০৩৪ | ২৪.৮০৩৪ | ০.০০ |
| ১০ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ২.১৬৯৩ | ২.১৬৯৩ | ০.০০ |
| | সর্বমোট | ১৪৪.৯১ | ৩৮.৯১ | ১০৫.৯৯ |
| | শতকরা হার (%) | ১০০.০০% | ২৬.৮৫% | ৭৩.১৪% |

ছক-৩ পর্যলোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (Compensation Realized A/C, doubtful income, যাকাত ফান্ড, অন্যান্য ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- এক্ষেত্রে বর্ণিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ১৪৪.৯১ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ৪১.০৪%)।
- ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৩৮.৯১ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ২৬.৮৫%)।
- নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ১০৫.৯৯ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৭৩.১৪%)।

## ৩.৪ বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে বাংলাদেশে কার্যরত ৯টি বিদেশি ব্যাংক CSR কার্যক্রম ছক-৪ এ তুলে ধরা হলো:

**ছক-৪: বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | বিদেশি ব্যাংকসমূহের নাম | জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) | ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ব্যাংক আলফালাহ্ | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ২ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.৮৩ | ০.৮৩ | ০.০০ |
| ৩ | সিটিব্যাংক এন.এ | ০.৬৪ | ০.৬৪ | ০.০০ |
| ৪ | হাবিব ব্যাংক | ০.০৯ | ০.০৯ | ০.০০ |
| ৫ | এইচএসবিসি | ০.৬৯ | ০.৬৯ | ০.০০ |
| ৬ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০৬ | ০.০৬ | ০.০০ |
| ৮ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ৪.০১ | ৪.০১ | ০.০০ |
| ৯ | উরি ব্যাংক | ০.০৫ | ০.০৫ | ০.০০ |
| | **সর্বমোট** | **৬.৪৬** | **৬.৩৬** | **০.১০** |
| | **শতকরা হার (%)** | **১০০.০০%** | **৯৮.৪৭%** | **১.৫৩%** |

ছক-৪ পর্যালোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ৯টি বিদেশি ব্যাংকের মোট CSR ব্যয় টাঃ৬.৪৬ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ১.৮৩%)।
- ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৬.৩৬ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৯৮.৪৭%), এবং
- নিট মুনাফা ব্যতীত বিভিন্ন উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ০.১০ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ১.৫৩%)।

## ৩.৫ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ

জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় প্রায় টাঃ৩৫৩.০৮ কোটি (তিনশত তেপ্পান্ন কোটি আট লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল টাঃ৫৭১.২৫ কোটি (পাঁচশত একাত্তর কোটি পঁচিশ লক্ষ টাকা) মাত্র। জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকের তুলনায় টাঃ২১৮.১৭ কোটি (দুইশত আঠারো কোটি সতের লক্ষ টাকা মাত্র) বা ৩৮.১৯% কম।

ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৩ এবং জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র লেখচিত্র-২ এর মাধ্যমে উপস্থাপন করা হলো:




**লেখচিত্র-২: জানুয়ারি-জুন ২০২৩ এবং জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনা**

লেখচিত্র-২ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

- জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকের তুলনায় শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন-অভিযোজন এবং অন্যান্য খাতে CSR ব্যয় উল্লেখ্যযোগ্য হারে হ্রাস পেয়েছে।
- এ ষান্মাসিকে স্বাস্থ্যখাতে CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় প্রায় তিনগুণ হ্রাস পেয়েছে।
- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় প্রায় সাড়ে তিনগুণ হ্রাস পেয়েছে।

## ৪. তফসিলি ব্যাংকসমূহের ২০২৩ ভিত্তিক CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২৩ ও জুলাই-ডিসেম্বর ২০২৩ ভিত্তিক CSR বিবরণীসমূহ হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত সন্নিবেশকরত ২০২৩ ভিত্তিক সার্বিক কার্যক্রম ছক-৫ এ তুলে ধরা হলো:

**ছক-৫: ব্যাংকসমূহের ২০২৩ ভিত্তিক CSR ব্যয়**

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | মোট | শিক্ষা (%) | স্বাস্থ্য (%) | পরিবেশ ও জলবায়ু (%) | অন্যান্য খাতসমূহ (%) | ২০২২ সালে অর্জিত নিট মুনাফা | ২০২৩ সালে CSR ব্যয়ের হার (%) | এসএফডি সার্কুলার-০১/২০২২ অনুযায়ী খাতভিত্তিক পরিপালন: শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ ও জলবায়ু |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | শতকরা হার | | | | কোটি টাকায় | শতকরা হার | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | সোনালী ব্যাংক | ১.১৫ | ০.২৪ | ০.০০ | ০.৮৫ | ২.২৪ | ৫১.৫৫% | ১০.৫৮% | ০.০০% | ৩৭.৮৭% | ৪০৮.১৮ | ০.৫৫% | √ | × | × |
| ২ | জনতা ব্যাংক | ০.৫৩ | ০.১০ | ০.০০ | ১.৯৯ | ২.৬২ | ২০.২০% | ৩.৬৩% | ০.০০% | ৭৬.১৭% | ১১৩.৩৪ | ২.৩১% | × | × | × |
| ৩ | অগ্রণী ব্যাংক | ০.২৭ | ০.০০ | ০.০০ | ০.১৭ | ০.৪৪ | ৬১.১৭% | ০.০০% | ০.০০% | ৩৮.৮৩% | ১১০.৬৭ | ০.৪০% | √ | × | × |
| ৪ | রূপালী ব্যাংক | ০.২৬ | ০.১৬ | ০.০০ | ০.১৮ | ০.৬০ | ৪৩.০৯% | ২৬.৭৯% | ০.০০% | ৩০.১২% | ২০.৯৩ | ২.৮৭% | √ | × | × |
| ৫ | বেসিক ব্যাংক | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০৬ | ০.০৬ | ৯.২১% | ০.০০% | ০.০০% | ৯০.৭৯% | ০ | ০.০০% | × | × | × |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | ০ | ০.০০% | × | × | × |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | ০ | ০.০০% | × | × | × |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক | ০.০৬ | ০.১২ | ০.০১ | ০.০৬ | ০.২৫ | ২৫.২০% | ৪৬.৭৭% | ৪.৪৪% | ২৩.৫৯% | ১০.১৩ | ২.৪৫% | × | √ | × |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০৬ | ০.০৮ | ০.০৬ | ০.০৫ | ০.২৫ | ২৪.৭৫% | ৩২.০৮% | ২২.৯৭% | ২০.২০% | ৪৪.২৬ | ০.৫৭% | × | √ | √ |
| ১০ | এবি ব্যাংক | ০.৪৩ | ০.১৩ | ৪.০০ | ১.১৩ | ৫.৬৯ | ৭.৫৬% | ২.২০% | ৭০.৩৬% | ১৯.৮৮% | ৬৮ | ৮.৩৬% | × | × | √ |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক | ৫.৯১ | ২৮.৬৭ | ৪.১১ | ১২.৬৩ | ৫১.৩২ | ১১.৫২% | ৫৫.৮৭% | ৮.০০% | ২৪.৬২% | ২০২.৫৭ | ২৫.৩৩% | × | √ | × |
| ১২ | ব্যাংক এশিয়া | ১.৫৯ | ২২.৬৮ | ৪.০০ | ৪.৩৬ | ৩২.৬৩ | ৪.৮৭% | ৬৯.৫০% | ১২.২৬% | ১৩.৩৮% | ৩০৫.২৩ | ১০.৬৯% | × | √ | × |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | ০ | ০.০০% | × | × | × |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৫০ | ০.৫০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ১০০.০০% | ০ | ০.০০% | × | × | × |
| ১৫ | ব্র্যাক ব্যাংক | ৩.০৬ | ০.৮০ | ০.৬৩ | ৬.৯৭ | ১১.৪৫ | ২৬.৭০% | ৬.৯৯% | ৫.৪৮% | ৬০.৮৪% | ১১১২.৯২৪ | ১.০৩% | × | × | × |
| ১৬ | সিটিজেনস্ ব্যাংক | ০.০১ | ০.০০ | ০.২৫ | ০.০০ | ০.২৬ | ৩.৮৫% | ০.০০% | ৯৬.১৫% | ০.০০% | ০ | ০.০০% | × | × | √ |
| ১৭ | কমিউনিটি ব্যাংক | ১.৯৩ | ১.৯৩ | ১.২৯ | ১.২৯ | ৬.৪৩ | ৩০.০০% | ৩০.০০% | ২০.০০% | ২০.০০% | ৬৪.২৭ | ১০.০০% | √ | √ | √ |
| ১৮ | ঢাকা ব্যাংক লিমিটেড | ১.৫৫ | ১.৭৫ | ০.০০ | ১২.২৬ | ১৫.৫৫ | ৯.৯৮% | ১১.২২% | ০.০১% | ৭৮.৭৯% | ১৬৫.৯৮ | ৯.৩৭% | × | × | × |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক | ৩৯.৬৮ | ৩৫.১৭ | ৭.২০ | ১১.৬৯ | ৯৩.৭৪ | ৪২.৩৩% | ৩৭.৫২% | ৭.৬৮% | ১২.৪৮% | ৫৬৬.১৭ | ১৬.৫৬% | √ | √ | × |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক | ৩.৩৫ | ১৯.৩৫ | ০.৪৫ | ৬.২৫ | ২৯.৪০ | ১১.৩৮% | ৬৫.৮৪% | ১.৫৪% | ২১.২৪% | ৫১০.৭৫ | ৫.৭৬% | × | √ | × |
| ২১ | এক্সিম ব্যাংক | ১২.১২ | ১৫.২০ | ৪.০০ | ১২.৬১ | ৪৩.৯৩ | ২৭.৫৯% | ৩৪.৬০% | ৯.১১% | ২৮.৭০% | ৩৫৭.৩৮ | ১২.২৯% | × | √ | × |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক | ১.১৬ | ০.৭৯ | ৪.১০ | ৬.৫০ | ১২.৫৫ | ৯.২৪% | ৬.২৯% | ৩২.৬৭% | ৫১.৭৯% | ২৯৬.১৫ | ৪.২৪% | × | × | √ |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক | ০.০৪ | ০.০২ | ০.০০ | ০.০১ | ০.০৭ | ৫৬.২২% | ২৪.৫৮% | ০.৯২% | ১৮.২৮% | ০.০০ | ০.০০% | √ | × | × |
| ২৪ | আইএফআইসি ব্যাংক | ৪.১৯ | ০.৫৩ | ০.৫০ | ৭.০৫ | ১২.২৮ | ৩৪.১৪% | ৪.৩৬% | ৪.০৭% | ৫৭.৪৩% | ২৯৭.০৪ | ৪.১৩% | √ | × | × |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ৬.২৮ | ২৫.২৯ | ৪.০৪ | ৬৪.১৮ | ৯৯.৭৯ | ৬.৩০% | ২৫.৩৪% | ৪.০৫% | ৬৪.৩২% | ৫৯২.৩৪ | ১৬.৮৫% | × | × | × |
| ২৬ | যমুনা ব্যাংক | ১০.২৩ | ১৮.৬৬ | ০.৩৮ | ২৭.৪৭ | ৫৬.৭৩ | ১৮.০৩% | ৩২.৮৯% | ০.৬৭% | ৪৮.৪২% | ৩৯০.৩৪ | ১৪.৫৩% | × | √ | × |
| ২৭ | মেঘনা ব্যাংক | ০.১১ | ০.০৬ | ০.৪৭ | ২.৩৫ | ২.৯৯ | ৩.৭৭% | ২.১০% | ১৫.৭০% | ৭৮.৪৩% | ১৮.৫৮ | ১৬.১২% | × | × | × |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক | ২.৬৩ | ১৬.৬৪ | ৪.০৪ | ৩২.৬১ | ৫৫.৯২ | ৪.৭০% | ২৯.৭৬% | ৭.২২% | ৫৮.৩২% | ২২০.২৬ | ২৫.৩৯% | × | √ | × |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক | ০.০৬ | ০.০৫ | ০.০০ | ১.৭২ | ১.৮২ | ৩.০১% | ২.৭৪% | ০.০০% | ৯৪.২৫% | ৫৬.২ | ৩.২৫% | × | × | × |
| ৩০ | মধুমতি ব্যাংক | ০.৯৯ | ০.৮৫ | ১.০২ | ৩.১০ | ৫.৯৫ | ১৬.৬৩% | ১৪.২০% | ১৭.১৩% | ৫২.০৪% | ১০০.৪৮ | ৫.৯৩% | × | × | × |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক | ১.৫৭ | ০.৭৪ | ০.৬৩ | ৬.৯৫ | ৯.৮৯ | ১৫.৮৭% | ৭.৪৮% | ৬.৩৭% | ৭০.২৭% | ২৩৬.৯২ | ৪.১৭% | × | × | × |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ৮.৬০ | ৮.৬০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ১০০.০০% | ০.০০ | ০.০০% | × | × | × |
| ৩৩ | এনসিসি ব্যাংক | ০.২৮ | ২০.১৩ | ০.০০ | ১১.১৪ | ৩১.৫৪ | ০.৮৮% | ৬৩.৮১% | ০.০০% | ৩৫.৩০% | ২৬৪.১ | ১১.৯৪% | × | √ | × |
| ৩৪ | এনআরবি ব্যাংক | ০.৩১ | ০.০৮ | ০.০৫ | ৬.৩৭ | ৬.৮১ | ৪.৫৮% | ১.১৮% | ০.৭৩% | ৯৩.৫১% | ৫৫.৬১ | ১২.২৪% | × | × | × |
| ৩৫ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক | ০.৯৯ | ১.১১ | ১.০১ | ৪.১৪ | ৭.২৫ | ১৩.৬৩% | ১৫.৩২% | ১৩.৯২% | ৫৭.১৩% | ১১৪.১৮ | ৬.৩৫% | × | × | × |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ০.৭৯ | ০.০৪ | ০.০০ | ২.৫০ | ৩.৩৩ | ২৩.৬২% | ১.২৮% | ০.০৮% | ৭৫.০২% | ৯৬.৩৬ | ৩.৪৬% | × | × | × |
| ৩৭ | ওয়ান ব্যাংক | ০.৩৫ | ০.২৯ | ০.০০ | ৮.০৪ | ৮.৬৮ | ৪.০৩% | ৩.২৯% | ০.০০% | ৯২.৬৮% | ১৩৯.১৯ | ৬.২৪% | × | × | × |
| ৩৮ | পদ্মা ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০ | ০.০০% | × | × | × |
| ৩৯ | প্রাইম ব্যাংক | ৫.৯৫ | ৫.৫০ | ০.২৬ | ৭.২৯ | ১৯.০০ | ৩১.৩২% | ২৮.৯৫% | ১.৩৭% | ৩৮.৩৭% | ৪০২.১৮ | ৪.৭২% | √ | × | × |
| ৪০ | পূবালী ব্যাংক | ৪.৯৮ | ৬.৮৩ | ০.১৩ | ৫.০৭ | ১৭.০১ | ২৯.২৮% | ৪০.১৮% | ০.৭৪% | ২৯.৮০% | ১১৩৩ | ১.৫০% | √ | √ | × |

| ছক-৫: ব্যাংকসমূহের ২০২৩ ভিত্তিক CSR ব্যয় | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | মোট | শিক্ষা (%) | স্বাস্থ্য (%) | পরিবেশ ও জলবায়ু (%) | অন্যান্য খাতসমূহ (%) | ২০২২ সালে অর্জিত নিট মুনাফা | ২০২৩ সালে CSR ব্যয়ের হার (%) | এসএফডি সার্কুলার-০১/২০২২ অনুযায়ী খাতভিত্তিক পরিপালন | | |
| | | | | | | | | | | | | | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ ও জলবায়ু |
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | শতকরা হার | | | | কোটি টাকায় | শতকরা হার | | | |
